



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.৭৮৬

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮

০৭ মার্চ ২০২২

বিষয়: মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণপূর্বক জন্ম তারিখ সংশোধন করে এমপিও সীটে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত/নির্দেশনা/অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: জনাব মো: সাইফুল ইসলাম, নৈশ প্রহরী, বড়বাম ফাযিল মাদ্রাসা, লাকসাম, কুমিল্লা এর আবেদন; (ডকেট নং-১৩৭৯, তারিখ: ০৬/০২/২০২২)

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মো: সাইফুল ইসলাম, পিতা- মোঃ আবদুর রহমান কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন বড়বাম ফাযিল মাদ্রাসায় নৈশ প্রহরী পদে ০১/০২/২০১১ খ্রি: তারিখে যোগদান করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক মে/২০১১ মাসে প্রথম এমপিওভুক্ত হন। ১ম এমপিও শীটে মো: সাইফুল ইসলামের জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ মুদ্রিত আছে। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সেল থেকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মেমিস (MEMIS) সিস্টেমে Data Transfer হয় এবং নৈশ প্রহরী মো: সাইফুল ইসলাম এর জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ অব্যাহত থাকে (এমপিও শীট জানুয়ারি/২০১৯)। মো: সাইফুল ইসলাম কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন ময়ূরা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণি পাশের প্রত্যয়নপত্র ও এনআইডি সংযুক্তসহ মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণপূর্বক জন্ম তারিখ ১০/১১/১৯৮০ দাবী করে সংশোধনের জন্য আবেদন করেন। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী নৈশ প্রহরী পদে নিয়োগের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা জেডিসি/জেএসসি/সমমান। প্রতিকার প্রার্থী দাখিল/SSC পাশ করেছেন কিনা তা আবেদনে উল্লেখ করেননি কিংবা বোর্ড কর্তৃক ইস্যুকৃত কোন সনদও দাখিল করেননি; যা স্বাভাবিকভাবে চাকুরীতে প্রবেশকালীন বয়স নির্ধারণের মূল ডকুমেন্টস। বিদ্যমান জনবল কাঠামোতে জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে মেডিকেল বোর্ড গঠন করে বয়স নির্ধারণের সুস্পষ্ট কোন নির্দেশনা নেই। জনবল কাঠামো কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রণীত বিধায় স্বাস্থ্য অধিদপ্তরের গঠিত মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণপূর্বক জন্ম তারিখ সংশোধন করে এমপিও সীটে অন্তর্ভুক্ত করতে হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমতির প্রয়োজন। উল্লেখ্য, মাউশির এমপিও শীটের জন্ম তারিখ ০৭/০১/১৯৬২ অনুযায়ী চাকুরীকাল অতিক্রান্ত হওয়ায় আবেদন কারীর নাম মেমিস সফটওয়্যারের ফেব্রুয়ারি/২০২২ মাসের এমপিও শীট থেকে কর্তন হয়ে যায়।

২। এমতাবস্থায়, মো: সাইফুল ইসলামের আবেদনের প্রেক্ষিতে জন্ম তারিখ সংশোধন করে এমপিও সীটে অন্তর্ভুক্তকরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল বোর্ডের মাধ্যমে বয়স নির্ধারণের বিষয়ে সদয় সিদ্ধান্ত/নির্দেশনা/অনুমোদনের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: নয় (০৯) ফর্দ।

৭-৩-২০২২

কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ফ্যাক্স: ৪১০৩০১২৫

ইমেইল: dgdmeb@gmail.com

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০৩৫.২১.৭৮৬/১(২)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৮

০৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৭-৩-২০২২

মো: বাদশা মিয়া

পরিদর্শক (সহযোগী অধ্যাপক)